




বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়

কবি জসিমউদ্দিন সড়ক, মধ্যআলীপুর, ফরিদপুর।

raofaridpur@krishibank.org.bd



আনিকা/ফরিদ/প্রশাসন-৪৪/২০২০-২০২১/২২৪

তারিখ : ৩০/০৬/২০২১খ্রিঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর এর এপ্রিল/২০২১ হতে জুন/২০২১ সময়ের (চতুর্থ প্রান্তিকের) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : কে,এম,মোস্তাফিজুর রহমান

তারিখ ও সময় : ২৮.০৬.২০২১ খ্রিঃ, সকাল : ১১.০০ ঘটিকা

স্থান : আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তার অফিস কক্ষ।

০১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ২৮/০৯/২০২০ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/শানিব্যুডিবি-৮(অংশ-৮)শুদ্ধাচার/২০২০-২০২১/৫৩০(১২৫) মোতাবেক বিকেবি, আনিকা, ফরিদপুর এর এপ্রিল/২০২১ হতে জুন/২০২১ সময়ের (চতুর্থ প্রান্তিকের) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা জনাব কে,এম,মোস্তাফিজুর রহমান সভাপতিত্ব করেন। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবী	মন্তব্য
০১	জনাব কে,এম,মোস্তাফিজুর রহমান	আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (সমব্য)	সভাপতি
০২	জনাব পবিত্র কুমার সরকার	মুখ্য কর্মকর্তা	সদস্য
০৩	জনাব মোঃ মিজানুর রহমান	কর্মকর্তা	সদস্য
০৪	জনাব মোঃ আঃ রউফ মিয়া	কর্মকর্তা	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

০২। সভাপতি মহোদয় ২০২০-২০২১ অর্থ বছরের চতুর্থ প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা/২০২০-২০২১ অনুযায়ী গৃহীত সকল কার্যক্রম দায়সারাভাবে সম্পাদন না করে সর্বস্তরে প্রকৃত অর্থেই শুদ্ধাচার চর্চা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে আহ্বান করেন।